ঢাকা ওয়াসা

০১। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
০২। সরকারি নির্দেশনার কপি।
০৩। প্রকৃত ভাউচার কপি।
০৪। আলোকসজ্জা কার্যক্রমের ছবি।
০৫। প্রাক্কলন।

বিষয়ঃ মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে পদ্মা পানি শোধনাগারের আলোকসজ্জা কার্যক্রমের ব্যয় অনুমোদন প্রসঙ্গে।

০১। উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৪৫০ এমএলডি ক্ষমতাসম্পন্ন পদ্মা পানি শোধনাগারটি IPS, WTP ও BPS-এই তিনটি ইউনিটের সমন্বয়ে সার্বক্ষণিকভাবে পানি পরিশোধন কার্যক্রম পরিচালনা করে আসছে। উক্ত পানি শোধনাগারটি বাংলাদেশের অন্যতম বৃহৎ পানি শোধনাগার এবং একটি গুরুত্বপূর্ণ সরকারি স্থাপনা। সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী জাতীয় গুরুত্বপূর্ণ দিবসসমূহ যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে উদযাপনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে। তৎপ্রেক্ষিতে, মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে পদ্মা পানি শোধনাগার এলাকার অফিস ভবন, প্রধান ফটক (Main Gate) ও গার্ড রুম (Guard Room)-এ আলোকসজ্জা কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, কাজটি জাতীয় দিবস সংশ্লিষ্ট হওয়ায় বিষয়টি অতীব জরুরি হিসেবে বিবেচ্য। তাই স্থানীয় বাজার দরের আলোকে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে উক্ত আলোকসজ্জা কার্যক্রমের ব্যবস্থা করা হয়। যাতে সর্বমোট ২৪,৭০০/= (চব্বিশ হাজার সাতশত মাত্র) টাকা খরচ হয়। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ২২৩ অর্থাৎ বার্ষিক বাজেট বরাদ্দের Entertainment খাত হতে নির্বাহ করা যেতে পারে। কাজটি অতীব জরুরী বিধায় পিপিআর ২০২৫ এর বিধি ১০০(১) ধারা মোতাবেক ঘটনাত্তোর (পোস্ট ফেক্টো) অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদন স্বাপেক্ষে অত্র বিভাগের নির্বাহী প্রকৌশলী এর নামে উত্তোলন করা যেতে পারে এবং পরবর্তীতে প্রকৃত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

AE/SDE

29.12.25
Md. Mehedi Hasan
Sub-Assistant Engineer
Padma Water Treatment Plant
Dhaka WASA

29/12/25
Mahmud Riyad
Sub-Divisional Engineer
Padma Water Treatment Plant
Dhaka WASA

29.12.25
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার
ঢাকা ওয়াসা।

SE,WS&PC

CE

০১/০১/২০২৬
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা

০৫ প্রস্তাব অনুমোদন করা হল,

SE, WSTP Cir/EE

04/01/26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

অনুচ্ছেদ: ৩ এর অনুমোদনের প্রেক্ষিতে বিলটি হিসাব বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা নিন।

SDE/SDE (Mehedi)

06.01.2026
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার
ঢাকা ওয়াসা